অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অতিরিক্ত ফেডারেল ভাড়া ত্রাণ আহ্বান করে মার্কিন ট্রেজারির কাছে যৌথ চিঠি পাঠানোর ঘোষণা দিলেন

নিউ ইয়র্ক স্টেট, ক্যালিফোর্নিয়া, নিউ জার্সি, এবং ইলিনয় তহবিলের অতি গুরুত্বপূর্ণ প্রয়োজনের উপর আলোকপাত করে ট্রেজারির সচিব জ্যানেট ইয়েলেনকে যৌথ চিঠি পাঠালেন

নিউ ইয়র্কে 85,000-র বেশি ভাড়া সহায়তার আবেদনের জন্য তহবিল নেই

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট যেসকল উচ্চ ভাড়াটিয়াসহ স্টেট তাদের প্রাথমিক ফেডারেল বরাদ্দ শেষ করে ফেলেছে তাদের জন্য ভাড়া ত্রাণকে অগ্রাধিকার প্রদানের জন্য ফেডারেল সরকারকে আহ্বান করার ক্ষেত্রে ক্যালিফোর্নিয়া ও নিউ জার্সির সাথে যোগ দিচ্ছে। আজকে, গভর্নর হোকল, নিউ জার্সির গভর্নর ফিল মার্ফি, ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম, এবং ইলিনয়ের গভর্নর জে.বি. প্রিৎজকার মার্কিন ট্রেজারি (U.S. Treasury) সচিব জ্যানেট ইয়েলেনকে একটি যৌথ চিঠি পাঠিয়েছেন যেখানে ডিপার্টমেন্টকে যেসকল স্টেটে ত্রাণের চাহিদা ও তাগিদ বেশি তাদের সহায়তা করার জন্য ভাড়ার ত্রাণ তহবিল পুনঃবরাদ্দ করার ক্ষেত্রে প্রক্রিয়া পুনর্বিবেচনা করার অনুরোধ করা হয়েছে।

"আমার প্রশাসনের প্রথম থেকেই, আমি মহামারী থেকে এখনো পুনরুদ্ধার করছে এমন কষ্টে থাকা ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের ত্রাণ প্রদানের প্রতিশ্রুতি নিয়েছি," **গভর্নর হোকল বলেন।** "তখন থেকেই, আমরা 1.3 বিলিয়ন মার্কিন ডলার ভাড়া ত্রাণ প্রদান করেছি, ভাড়া সম্পূরক হিসেবে 100 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করেছি, ভাড়ার ভাউচার পরিমাণ বৃদ্ধি করতে আইন স্বাক্ষর করেছি, ভাড়াটিয়াদের বিনামূল্যে আইনি সেবা প্রদান করতে 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছি, এবং নিয়মানুযায়ী আবাসন চাহিদা সমাধানে একাধিক সাহসী ও অর্জনযোগ্য প্রস্তাবনা প্রকাশ করেছি। তবে, কঠিন বাস্তব এই যে এখনো অনেক বেশি নিউ ইয়র্কবাসীর আবাসন সহায়তা প্রয়োজন। আমরা নিউ ইয়র্কে পুনরায় বরাদ্দ করার জন্য মার্কিন ট্রেজারি যেই অতিরিক্ত ভাড়া ত্রাণ তহবিল উপলভ্য করেছে তা দেখে হতাশ হয়েছি, এবং যেহেতু আমাদের জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি (Emergency Rental Assistance Program) পোর্টাল ইতোমধ্যে এই সপ্তাহে খুলে দেওয়া হয়েছে, আমি ট্রেজারিকে এই প্রক্রিয়া আরেকবার বিবেচনা করে দেখতে বলছি। দীর্ঘদিন ধরে আর্থিক ত্রাণের অপেক্ষায় কষ্টে থাকা ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের যাতে আমরা মিথ্যা আশা না দেয় তা অতি গুরুত্বপূর্ণ, এবং ফেডারেল হস্তক্ষেপ

ছাড়া, তাদের সমর্থনে কোনও তহবিল নেই, এবং আমি ক্যালিফোর্নিয়া, নিউ জার্সি, এবং ইলিনয়কে এই জরুরি প্রচেষ্টায় যোগদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

গভর্নর মার্ফি বলেন, "মহামারী আমাদের স্টেট ও দেশের অনেকের জন্য আর্থিক সমস্যা সৃষ্টি করেছে, কিন্তু কাউকেই মাথার উপরের ছাদ বা খাদ্যের মধ্যে একটি বাছাই করতে হওয়া উচিত না। অতিরিক্ত ফেডারেল তহবিল আমাদেরকে কঠোর পরিশ্রমী নিউ জার্সি পরিবারগুলিকে এই কঠিন সময়ে সমর্থন করা অব্যাহত রাখতে দিবে।"

অতিরিক্ত তহবিল অনুরোধ করার মাধ্যমে, স্টেটগুলি কোভিড-19 এর সাম্প্রতিক বিস্তারের সময় পরিবারগুলিকে স্থিতিশীল ও বাসস্থানে রাখতে সাহায্য করার জন্য আনুমানিক 18 বিলিয়ন মার্কিন ডলার অব্যবহৃত জরুরি তহবিল পুনরায় বিতরণ করার কাজ ত্বরান্বিত করার তাৎক্ষণিক প্রয়োজনের উপর জোর প্রদান করেছে। গভর্নরগণ ইঙ্গিত করেছেন যে ভাড়া ত্রাণ বরাদ্দ করার প্রক্রিয়ার ভিত্তি হচ্ছে স্টেটের মোট জনসংখ্যা, কিন্তু এটি প্রতি স্টেটের নিম্ন আয়ের ভাড়াটিয়াদের সংখ্যা বিবেচনা করে না।

সম্পূর্ণ চিঠিটি পড়ুন।

নিউ ইয়র্ক ভাড়া ত্রাণ হিসেবে 1.3 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ইস্যু করেছে, যার ফলে বাড়িওয়ালাদের কাছে মোট 104,000 বার অর্থ পরিশোধ করা হয়েছে। মোট, স্টেট উপলভ্য তহবিলের 2 বিলিয়ন মার্কিন ডলারের জন্য প্রতিশ্রুতিবদ্ধ আছে, যা আনুমানিক 161,000 আবেদনকে অর্থদান করে এবং প্রায় 85,000 আবেদন অর্থায়িত হচ্ছে না।

তহবিলের ঘাটতি থাকার পরেও, স্টেট গত সপ্তাহে একটি কোর্ট ইনজাংকশনের পর গত সপ্তাহে এর আবেদন পোর্টাল সম্পূর্ণ খুলে দিতে আইনগতভাবে বাধ্য হয়েছে। ইতোমধ্যে জমে থাকা আবেদন সমর্থন করার জন্য অতিরিক্ত তহবিল না পেলে, স্টেট কষ্টে থাকা নিউ ইয়র্কবাসীকে অতি গুরুত্বপূর্ণ আর্থিক ত্রাণ প্রদানের ব্যাপারে মিথ্যা আশ্বাস দেওয়ার ঝুঁকিতে পরবে, ফেডারেল হস্তক্ষেপ ছাড়া যেটি সম্ভব নয়।

অগাস্টে দায়িত্ব গ্রহণের পর, গভর্নর হোকল স্টেটের জরুরি ভাড়া সহায়তা কর্মসূচি সরল ও ত্বরান্বিত করতে আগ্রাসীভাবে কাজ করেছেন, অর্থ প্রদান ত্বরান্বিত করতে আমলাতান্ত্রিক রেড টেপ অপসারণ করেছেন। নিউ ইয়র্ক স্টেট নভেম্বরে, কর্মসূচি শুরু করার ছয় মাসের মধ্যে, এর ফেডারেল বরাদ্দ শেষ হয়ে যাওয়ার আগ পর্যন্ত 2 বিলিয়ন মার্কিন ডলার ভাড়া সহায়তা বিতরণ করেছে বা বিতরণের প্রতিশ্রুতি দান করেছে।

গভর্নর হোকলের নির্দেশনার অধীনে, অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA) ট্রেজারি থেকে আরো 996 মিলিয়ন মার্কিন ডলার তহবিল পুনরায় বরাদ্দের অনুরোধ করেছে, যা কয়েক হাজার অতিরিক্ত আবেদনকারীকে তহবিল দিতে পারবে। কিন্তু গত মাসের শেষের দিকে, ট্রেজারি ইঙ্গিত প্রদান করে যে নিউ ইয়র্ক এর প্রাথমিক পুনরায় বরাদ্দদান থেকে 27 মিলিয়ন মার্কিন

ডলার পাবে, যা হলো স্টেটের অনুরোধের 3 শতাংশের কম, এবং আনুমানিক 1,960 আবেদনের অর্থায়নের জন্য পর্যাপ্ত তহবিল।

OTDA-র ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন, "ট্রেজারিতে গভর্নরের সময়মতো করা অনুরোধ মহামারীর আর্থিক প্রভাবে ভুগতে থাকা ভাড়াটিয়া ও বাড়িওয়ালাদের পক্ষে আমাদের অব্যাহত কাজের প্রতিনিধিত্ব করে। অতিরিক্ত তহবিল না পাওয়া গেলে, আমরা চলমান বিশ্ব স্বাস্থ্য সঙ্কটের মধ্যে দৈনন্দিন চাহিদা মেটানোর চেষ্টায় লিপ্ত কয়েক হাজার কষ্টে থাকা নিউ ইয়র্কবাসীর ত্রাণ অনুরোধ পূরণ না করতে পারার কঠিন সম্ভাবনার মধ্যে থাকবো। আমি অতিরিক্ত তহবিলের এই নিদারুণ প্রয়োজন বুঝতে ট্রেজারিকে সাহায্য করার জন্য গভর্নর হোকলের নেতৃত্ব ও অন্য স্টেটের সাথে কাজ করার উদ্যোগের জন্য তার প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন